বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের APA ২০২১-২২ কর্মসম্পাদন সূচকসমূহের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. শাহনাজ আরেফিন. এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ০৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল-১১.০০ টায় |
| স্থান | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভা কক্ষ (ব্লক-০১)। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য |

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার সভাকে জানান যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ কার্যক্রম মাসিক অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে এ সভা আহ্বান করা হয়েছে। অতঃপর তিনি এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সিনিয়র সহকারী সচিব মো: খন্দকার মাহাবুবুর রহমান কে এপিএ কার্যক্রম ও সূচক অনুসারে অগ্রগতির প্রতিবেদন উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করেন।

২। আলোচনাঃ যেসকল সূচকের ১০০%অগ্রগতি অর্জিত হয়েছে সেসকল সূচক ছাড়া অন্য সূচকসমূহ আলোচনা করার জন্য সভাপতি অনুরোধ করেন। আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

| কার্যক্রম (Activities)<br>চূড়ান্ত ফলাফল সূচক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| **[১.৩] মূল্য ও মজুরী পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ** | | | |
| [১.৩.১] মাসিক ভোক্তা মূল্যসূচক (CPI) ও মূল্যস্ফীতিরহার (IR) প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ<br>সূচকের মান : ২<br>লক্ষ্যমাত্রা : ১২<br>অর্জন: ৬ | ১২টির মধ্যে ৬টি রিপোর্ট প্রকাশিত হয়েছে। বিবিএস এর এপিএ টিমের ফোকাল পয়েন্ট সভাকে জানান যে, অবশিষ্ট রিপোর্ট পাওয়া গেছে এবং এন্ট্রির কাজ চলমান রয়েছে। এপরিপ্রেক্ষিতে সভাপতি উল্লেখ করেন যে কয়টি প্রতিষ্ঠান এ সংক্রান্ত তথ্য প্রদান করবে, এবং যে কয়টি প্রতিষ্ঠান থেকে পাওয়া গেছে তা নির্দিষ্ট করে সভাকে জানাতে হবে। পরবর্তী সভায় এ সংক্রান্ত বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশ দেন। | তথ্য প্রাপ্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| **[১.৭] পরিসংখ্যান পকেটবুক -২০২১ প্রকাশ** | | | |

| | | | |
|---|---|---|---|
| [১.৭.১] পরিসংখ্যান পকেট বুক -২০২১ ওয়েবসাইটে আপলোডকরণ<br>সূচকের মান : ২<br>লক্ষ্যমাত্রা : ২৫-০৫-২০২২ তারিখ<br>অর্জন: চলমান | পরিসংখ্যান পকেট বই প্রকাশের বিষয়ে সভাপতি জানান যে, মাননীয় মন্ত্রীর নির্দেশনা মতে পরিসংখ্যান পকেট বই ২০২১ প্রনয়ণের কাজ চলছে, বই প্রকাশের নির্ধারিত তারিখ ২৫-০৫-২০২২ হলেও তার আগে বই প্রকাশের কার্যক্রম শেষ করতে হবে। পরবর্তী এপিএ মাসিক সভার পূর্বে এ বিষয়ে অগ্রগতির পূণাঙ্গ তথ্য সভাপতিকে অবহিত করতে হবে। | পরিসংখ্যান পকেট বই প্রকাশের বিষয়ে অগ্রগতির তথ্য সভাকে অবহিত করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| **[১.৮]'Selected Statistics of Bangladesh'শীর্ষক ফ্লায়ার প্রকাশ** | | | |
| [১.৮.১] 'Selected Statistics of Bangladesh'শীর্ষক ফ্লায়ার প্রকাশকরণ (ওয়েবসাইটে আপলোড)<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ০৫-০৬-২০২২ তারিখ<br>অর্জন: চলমান | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে জানান যে, এ বিষয়ে ২টি প্রকাশনা নির্ধারিত সময়ে প্রকাশিত হবে। পরবর্তী সভায় এ বিষয়ে কাজের অগ্রগতি জানানোর জন্য সভাপতি নির্দেশনা দেন। | কাজের অগ্রগতি পরবর্তী সভাকে জানাতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসআইডি |
| **[২.১] জনশুমারি ও গৃহগণনা ২০২১** | | | |
| [২.১.১] জনশুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্নকৃত<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ৩১-১২-২০২১ তারিখ<br>অর্জন: শূণ্য | এ বিষয়ে আলোচনা কালে সভাপতি সভাকে জানান যে, যেহেতু প্রকল্পের কার্যক্রম ট্যাব ক্রয়ের নিমিত্ত CCGP এর অনুমোদনের উপর নির্ভরশীল সেহেতু এ সূচকসমূহের অগ্রগতি ট্যাব ক্রয়ের উপর নির্ভর করছে। তবে CCGP তে ট্যাব ক্রয়ের প্রস্তাব অনুমোদিত হলে সূচকসমূহের অগ্রগতি বৃদ্ধি পাবে। বর্তমানে কেন অগ্রগতি হচ্ছে না এ বিষয়ে প্রয়োজনীয় ব্যাখ্যাসহ মন্তিপরিষদ বিভাগকে অবগত করার জন্য সভাপতি নির্দেশ দেন। | এ তিনটি সূচকের বিষয়ে প্রয়োজনীয় ব্যাখ্যাসহ মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে। | উপসচিব (উন্নয়ন-১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসআইডি |
| [২.১.২] জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর প্রাথমিক রিপোর্ট অংশীজনদের উপস্থিতিতে Disseminate কৃত<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ৩১-০৩-২০২২<br>অর্জন: শূণ্য | | | |
| [২.১.৩] পাইলট সেন্সাস সম্পন্নকৃত<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ২৫-১১-২০২১<br>অর্জন: শূণ্য | | | |
| **[২.২] কৃষিশুমারি ২০১৯** | | | |
| [২.২.১] কৃষিশুমারি ২০১৯ এর স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত বাস্তবায়িত<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ০৭-০৬-২০২২<br>অর্জন: চলমান | কৃষিশুমারি ২০১৯ প্রকল্পের স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সভাপতি দেন। | পরবর্তী সভায় বিস্তারিত তথ্য উপস্থাপন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| **[২.৩] অর্থনৈতিক শুমারি ২০২৩** | | | |

| | | | |
|---|---|---|---|
| [২.৩.১] অর্থনৈতিক শুমারি ২০২৩-এর ডিপিপি চূড়ান্তকরণ<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ০৭-০৬-২০২২<br>অর্জন: চলমান | প্রকল্পের ডিপিপি চূড়ান্ত করণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপসচিব উন্নয়ন-২ অধিশাখা সভাকে অবগত করেন যে, এ প্রকল্পের ডিপিপিতে জনশুমারি প্রকল্পের আওতায় ক্রয়কৃত TAB এর মাধ্যমে তথ্য সংগ্রহের সংস্থান রাখা হয়েছে। যেহেতু জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পের ট্যাব ক্রয় অনিশ্চয়তার মধ্যে আছে সেহেতু এ ট্যাবে উপর নির্ভর করে অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহের পরিকল্পনা করা হলে অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহে কাজে অনিশ্চয়তার দেখা দিবে। বিষয়টি যথার্থ মর্মে সভাপতি উল্লেখ করেন। প্রকল্পের ডিপিপি এখনো পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়নি। প্রেরণের পূর্বেই জনশুমারির ট্যাব ব্যবহৃত হবে অথবা তথ্য সংগ্রহে বিকল্প পদ্ধতি রেখে প্রকল্পের ডিপিপি প্রস্তুত করার জন্য সভাপতি নির্দেশ দেন। | আলোচনা মতে প্রকল্পের তথ্য সংগ্রহে জনশুমারি প্রকল্পের ট্যাব ব্যবহৃত হবে এবং বিকল্প পদ্ধতি অনুসরণে কীভাবে তথ্য সংগ্রহ করা যায় তার সংস্থান ডিপিপিতে রেখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব উন্নয়ন ও উপসচিব পরিকল্পনা অধিশাখা এসআইডি |
| [২.৮] Report on Bangladesh Sample Vital Statistics 2021 | | | |
| [২.৮.১] রিপোর্ট প্রকাশিত<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ২৭-০০৬-২০২২<br>অর্জন: চলমান | রিপোর্ট প্রকাশ নিয়ে আলোচনা কালে সভাকে জানানো হয় যে, SVRS রিপোর্ট যে প্রকল্পের মাধ্যমে সংগ্রহ করা হয় তার মেয়াদ ডিসেম্বর/২০২১ মাসে শেষ হয়েছে। পরবর্তী প্রকল্প এখনো পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়নি। প্রকল্প শুরু না হলে তথ্য সংগ্রহের কাজ করা যাচ্ছে না। নতুন SVRS এর প্রকল্পের বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা প্রকল্পের ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট চাওয়ার জন্য সভাপতি নির্দেশ দেন। | প্রস্তাবিত SVRS প্রকল্পের বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা চাইতে হবে। | উপসচিব উন্নয়ন-১ অধিশাখা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা SVRS প্রকল্প |
| **[৩.২] এসডিজি ট্র্যাকার বিষয়ে ডাটা প্রদানকারীগণের দক্ষতাবৃদ্ধি** | | | |
| [৩.২.১] SDG Tracker বিষয়ে উপাত্ত প্রদানকারী ও অনুমোদনকারীগণকে প্রশিক্ষণ প্রদান<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ৯০<br>অর্জন: ১২২ | সভায় জানানো হয় যে, এসডিজি বিষয়ে ৯০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণের জন্য নির্ধারিত থাকলেও ১২২ জনকে ইতোমধ্যে প্রশিক্ষণ দেয়া হয়েছে। লক্ষ্যমাত্রার বেশী কেন প্রশিক্ষণ দেয়া হল তার বিস্তারিত ব্যাখ্যা প্রমাণকের সাথে রাখার জন্য সভাপতি নির্দেশ দেন। | লক্ষ্যমাত্রার বেশী কেন প্রশিক্ষণ দেয়া হল তার বিস্তারিত ব্যাখ্যা প্রমাণকের সাথে দিতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা এসআইডি |
| **[৩.৪] ন্যাশনাল পপুলেশন রেজিস্টার (এনপিআর)** | | | |
| [৩.৪.১] ন্যাশনাল পপুলেশন রেজিস্টার (এনপিআর) বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সভা/সেমিনার অনুষ্ঠিত<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ২<br>অর্জন: ১ | সভাকে অবগত করা হয় যে, এনপিআর বিষয়ে অংশীজনদের অবহিত করার জন্য ২টি সভা/সেমিনার করার লক্ষ্যমাত্রা আছে। ইতোমধ্যে ১টি অবহিতকরণ কর্মশালা হয়েছে। পরবর্তী কর্মশালা ১০/০২/২০২২ তারিখ অনুষ্ঠিত হবে। এ বিষয়ে একটি স্বচ্ছ ধারণা পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য সভাপতি নির্দেশ দেন। | এনপিআর বিষয়ে একটি স্বচ্ছ ধারণা পরবর্তী সভাকে অবহিত করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিবিএস |
| **[৩.৫] এনএসডিএস (NSDS) ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রকল্প** | | | |

| | | | |
|---|---|---|---|
| [৩.৫.১] খসড়া আইসিটি পরিকল্পনা (Draft ICT Plan) প্রস্তুত<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ২০-০৬-২০২২ তারিখ<br>অর্জন: চলমান | এ বিষয়ে একটি স্বচ্ছ ধারণা পরবর্তী সভাকে অবগত করার জন্য সভাপতি নির্দেশ দেন। | এ বিষয়ে একটি স্বচ্ছ ধারণা পরবর্তী সভাকে অবগত করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিবিএস |
| **অত্যাবশ্যকীয় বার্ষিক কমপরিকল্পনা** | | | |
| সূচক [এম ২]<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ৮০%<br>অর্জন: ২.০৯% | ২০২১-২২ অর্থবছরের এডিপি-র অগ্রগতি হতাশা ব্যঞ্জক। জনশুমারী প্রকল্পসহ এডিপির সার্বিক অগ্রগতি ২.০৯%। জনশুমারী প্রকল্প ছাড়া অগ্রগতি ১০.৩০%। এ পরিপ্রেক্ষিতে সভাপতি যেসকল প্রকল্পের অগ্রগতি ৩০% এর কম সে সকল প্রকল্প পরিচালকগণের কাছে ব্যাখ্যা চেয়ে এবং লক্ষমাত্রা অনুসারে অগ্রগতি জানানোর জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ণ) কে নির্দেশ দেন। | প্রকল্পের অগ্রগতি কেন কম তার ব্যাখ্যা এবং অগ্রগতি বৃদ্ধির জন্য প্রকল্প পরিচালকগণকে পত্র দিতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>এসআইডি |
| সূচক [এম ২.৪]<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ৩০-০৬-২০২২ তারিখ<br>অর্জন: | প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের সম্পদ ডিপিপি/টিপিপি অনুসারে কি ব্যবস্থা করা হয় তা প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগকে অবগত করার জন্য সভাপতি নির্দেশ দেন। | ডিপিপি/টিপিপি অনুসারে সমাপ্ত প্রকল্পের সম্পদের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগকে অবগত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>এসআইডি |
| **ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্ম পরিকল্পনা বাস্তবায়ন** | | | |
| সূচক [এম ১.২]<br>সূচকের মান: ১০<br>লক্ষ্যমাত্রা:<br>অর্জন: চলমান | আলোচনা কালে ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনার বিষয়ে একটি অবহিত করণ সভা আহ্বানের জন্য সভাপতি নির্দেশ দেন। | অবহিতকরণ সভা আহ্বান করতে হবে। | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)<br>এসআইডি |
| **অভিযোগ প্রতিকার কর্ম পরিকল্পনা বাস্তবায়ন** | | | |
| সূচক [এম ১.৩]<br>সূচকের মান: ৪<br>লক্ষ্যমাত্রা:<br>অর্জন: চলমান | সভায় জানানো হয় যে, এ বিভাগে কোন অভিযোগ পাওয়া যাচ্ছে না বিধায় প্রতিকার ও ব্যবস্থা নেয়া হয় না। এর পরিপ্রেক্ষিতে সভাপতি উল্লেখ করেন যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো হতে বিভিন্ন প্রকাশনা ও তথ্য প্রচারের ক্ষেত্রে কোন অভিযোগ থাকলে তা প্রেরণের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ কে অনুরোধের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগে অবহিত করতে হবে। | আলোচনা অনুসারে মন্ত্রিপরিষদ বিভাগকে পত্র দিতে হবে। | সিনিয়র সহকারী সচিব (অডিট ও সমন্বয়) |
| **সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন:** | | | |

| | | | |
|---|---|---|---|
| সূচক [এম ১.৪]<br>সূচকের মান: ৩<br>লক্ষ্যমাত্রা:<br>অর্জন: | সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রনয়ন, পরিকল্পনা ও মূল্যায়ন নির্দেশকা ২০২১-২২ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিকল্পনা দাখিল করা হয়নি। এর পরিপ্রেক্ষিতে সভাপতি নির্দেশিকা মোতাবেক কর্ম পরিকল্পনা দাখিলের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশ দেন। | এপিএ নির্দেশিকা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব (প্রশাসন-১) এসআইডি |
| **তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন** | | | |
| সূচক [এম ১.৫]<br>সূচকের মান: ৩<br>লক্ষ্যমাত্রা:<br>অর্জন: | সভায় অবহিত করা হয় যে, কর্মপরিকল্পনা অনুসারে ১টি প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। নির্দিষ্ট সময়ে আরও ১টি প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়িত হবে। | যথাসময়ে প্রশিক্ষণ কাজ শেষ করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) এসআইডি |
| **বিবিধ আলোচনা** | | | |
| সূচক ৪.১ | সভায় আলোচনা হয় যে, এপিএ প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পূর্বে যথাযথভাবে যাচাই করতে হবে। প্রয়োজনে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাকে আমন্ত্রণ জানিয়ে প্রমাণক যাচাই করা যেতে পারে বলে সভাপতি মত দেন। | আলোচনা মোতাবেক যথাযথভাবে এপিএ প্রমাণক যাচাইপূর্বক প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা এসআইডি |
| সূচক ৪.২ | প্রত্যেকটি সূচক বাস্তবায়নের ক্ষেত্রে নির্ধারিত তারিখের পূর্বেই যেন সম্পন্ন হয় তার টার্গেট রেখে কাজ করতে হবে। | সূচকের অগ্রগতি নির্ধারিত তারিখের পূর্বেই বাস্তবায়নের প্রচেষ্টা গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল) |
| | | | |

০৩। সভায় আর কোনো বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

ড. শাহনাজ আরেফিন. এনডিসি
সচিব

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০১৯.২৬.০৫৫.২১.৪৩

তারিখ: ২ ফাল্গুন ১৪২৮
১৫ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব , তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৪) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৫) যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৬) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৭) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৮) উপসচিব , উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৯) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১০) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১১) পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) (স্ব-স্ব ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের অবহিত করার জন্য)
১২) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৩) সিনিয়র সহকারী সচিব, অডিট ও সমন্বয় শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৪) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)
১৫) উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৬) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১৭) উপপরিচালক, এফএ এন্ড এমআইএস, বিনিক শাখা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

খন্দকার মো: মাহাবুবুর রহমান
সিনিয়র সহকারী সচিব